শাকিব খানের‘মাস্ক’পাল্টে হয়ে গেল‘নেকাব’

নিউজবিডি৭১ডটকম
ঢাকা : কলকাতার শীর্ষ প্রযোজনা প্রতিষ্ঠান শ্রী ভেঙ্কটেশ ফিল্মস (এসভিএফ)-এর প্রযোজিত ১০৭ নম্বর ছবি ‘মাস্ক’-এর শুটিং শুরু হয় গত বছর ১৬ মার্চ। এসকে মুভিজের হয়ে চারটি হিট ছবি উপহার দেয়ার পর প্রথমবার কলকাতার শীর্ষস্থানীয় প্রযোজনা সংস্থা ভেঙ্কটেশে বাংলাদেশের শাকিব!

ছবিতে সঙ্গে টলিউডের দুই জনপ্রিয় নায়িকা নুসরাত ও সায়ন্তিকা। যার পরিচালক রাজীব বিশ্বাস। সবমিলিয়ে নির্মাণের শুরু থেকে আলোচনায় ছিল ‘মাস্ক’। শুধু তাই নয়, শুটিং শুরুর সময় ছবির নাম ঠিক না হওয়া নিয়েও চলে নানা মুখরোচক আলোচনা। অনুমান ভিত্তিক খোশগল্পে মাতেন সিনেপ্রেমীরা।

পঞ্চাশ শতাংশ কাজ শেষ হলে জানা যায়, এই ছবির নাম ‘মাস্ক’। বর্তমানে শুটিং পুরোপুরি শেষ। এর পরিচালক রাজীব বিশ্বাস এবার জানালেন, ‘মাস্ক’ নামটি পরিবর্তন করা হয়েছে। নতুন নাম দেয়া হয়েছে ‘নেকাব’। শাকিব খানের ‘মাস্ক’ নামটি যে এখন ‘নেকাব’ সেটি রাজীব বিশ্বাস ছাড়াও নিশ্চিত করেছে কলকাতার বহুল প্রচারিত দৈনিক ‘এই সময়’।

সেখানে বলা হয়েছে, এই ছবিটির কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করেছেন শাকিব খান। যিনি কিনা মৃত মানুষদের সঙ্গে দেখা করতে পারেন।

শুধু তাই নয় সরাসরি কথাও বলতে পারে। যখন শাকিব ভূতের সঙ্গে দেখা করতে যান ভূত তারই অবয়ব ধারন করে। অথাৎ শাকিবের মতোই দেখতে হয়ে যায় ভূতকে।

‘নেকাব’ মুক্তি পাবে আগামী ঈদুল আজহায়। ছবিটি নিয়ে শাকিব খান বলেন, সব বয়সী মানুষকে খুব আনন্দ দেবে এই ছবি। বিশেষ করে বাচ্চাদের কাছে বেশি ভালো লাগবে। কর্মাশিয়াল ও ভিন্ন ধারা দুদিক দিয়েই দর্শকদের ভালো লাগবে বলে আমি বিশ্বাস করি।

নিউজবিডি৭১/এম কে/ জুলাই ৭, ২০১৮